National Institute of Biotechnology
Ministry of Science and Technology
Government of the People's Republic of Bangladesh
Ganakbari, Ashulia, Savar, Dhaka-1349.
Phone: +88-02-7789458, Fax: +88-02-7789636

ন্যাশনালইনস্টিটিউটঅববায়োটেকনোলজি
বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯।
ফোন: ৭৭৮৯৪৫৮, ফ্যাক্স: ৭৭৮৯৬৩৬

স্মারকনং-৩৯.০৬.২৬৭২.০০১.৯৯.০০২.২৬.১৩৮৩

তারিখ: ০৩/১১/২০২৬

আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয় পুন:বিজ্ঞপ্তি

ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)'তে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের জন্য অর্থ বিভাগের আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ ও অর্থ মন্ত্রণালয়ের ২১-০৯-২০২৬ তারিখের ০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.১৯-৭৭৩ নং স্মারকের পরিপত্র অনুযায়ী সরাসরি চুক্তি সম্পাদনের মাধ্যমে নিম্নবর্ণিত ক্যাটাগরি ও শর্তসাপেক্ষে সেবাসমূহ ক্রয়ের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আগ্রহপত্র/দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও সেবামূল্য	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১	প্লাম্বার (ক্যাটাগরি-২) ১৭৯৯২/-	১টি	৮ম শ্রেণি পাশ	সংশ্লিষ্ট কাজের কমপক্ষে ০১ বছর অভিজ্ঞতা থাকতে হবে।
২	স্যানিটারী এটেনডেন্ট (ক্যাটাগরি-৫) ১৬৬৭৩/-	১টি	প্রয়োজন নেই	সংশ্লিষ্ট কাজের কমপক্ষে ০১ বছর অভিজ্ঞতা থাকতে হবে।

নিয়োগের শর্তাবলি:

০১। আবেদনপত্র ১১ নভেম্বর ২০২৬ তারিখে বিকাল ৩.০০ টার মধ্যে মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯, বরাবর সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে।

০২। আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, নিবন্ধিত মোবাইল নম্বর এবং যথাযথ কর্তৃপক্ষের নাগরিকত্ব সনদ প্রদান করতে হবে।

০৩। বয়সসীমা: বর্ণিত পদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৬০ বছর (আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী)।

০৪। সেবা ক্রয়ের মেয়াদ চুক্তির তারিখ হতে পরবর্তী দুই বছর।

০৫। অসদাচরণ বা কর্মে শৈথিল্য করলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে চুক্তি বাতিল করা যাবে।

০৬। আউটসোর্সিং সেবাকর্মীগণ ইনস্টিটিউটের কোন স্থায়ী পদে নিয়োগের জন্য অগ্রাধিকার পাবে না।

০৭। সেবা ক্রয়ের ক্ষেত্রে এ সংক্রান্ত সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৮। প্রযোজ্য ক্ষেত্রে আগ্রহী প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। প্রযোজ্য ক্ষেত্রে আগ্রহী প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি এসএমএস-এর মাধ্যমে জানানো হবে এবং বিস্তারিত তথ্য www.nib.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১০। ইতঃপূর্বে সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাপ্রদানকৃত সেবাকর্মীদের অগ্রাধিকার দেয়া হবে।

১১। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবে না।

১২। সর্বক্ষেত্রে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ ও সংশোধিত ২০২৬-এর শর্তাবলি অনুসরণ করা হবে।

১৩। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয় সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৩/১১/২০২৬

ড. মোঃ ছগীর আহমেদ
মহাপরিচালক
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
Email: dgnibbd@gmail.com